গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

নম্বর: ২৬.০০.০০০০.০০০.১৫৬.৩৫.০০১৬.২১.৬৮

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ / ২৭ অক্টোবর ২০২৫

**অফিস আদেশ**

যেহেতু, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারর্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্সপ্রাপ্ত একটি নিবন্ধিত বাণিজ্য সংগঠন;

যেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৭ ধারা মোতাবেক সরকারের অনুমোদনক্রমে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর সাবেক সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান, অতিরিক্ত সচিব (অবঃ)-কে "দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)" এর প্রশাসক নিয়োগ করা হয়;

যেহেতু, বাণিজ্য সংগঠন আইন ২০২২ এর ১৭ (ঘ) ধারা মোতাবেক সরকার ০১ (এক) বছরের অধিক নয় এমন মেয়াদের জন্য ০১ (এক) জন প্রশাসক নিয়োগে করতে পারবে এবং ইতোমধ্যে জনাব মোঃ হাফিজুর রহমান, অতিরিক্ত সচিব (অবঃ) এফবিসিসিআই এর ১১ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে ১০ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর দায়িত্ব পালন করেন;

সেহেতু, জনাব মোঃ হাফিজুর রহমান, অতিরিক্ত সচিব (অবঃ)-কে এফবিসিসিআই এর প্রশাসক হতে অব্যাহতি প্রদান পূর্বক বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৭ ধারা মোতাবেক সংগঠনটির সুষ্ঠুভাবে পরিচালনা ও নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সরকারের অনুমোদনক্রমে জনাব মোঃ আবদুর রহিম খান, অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-কে দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারর্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এর প্রশাসক হিসেবে নিয়োগ করা হলো। তিনি ভোটার তালিকা হালনাগাদ করত: ১২০ (একশত বিশ) দিনের মধ্যে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন সম্পন্ন করে নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করত: এ মন্ত্রণালয়কে অবহিত করবেন।

২৭/১০/২০২৫

মুহাম্মদ রেহান উদ্দিন
মহাপরিচালক (অ:দা:)
বাণিজ্য সংগঠন অনুবিভাগ
ফোন: +৮৮-০২-৫৫১০০৬৭৯
Email: dgeneral.to@mincom.gov.bd

নম্বর: ২৬.০০.০০০০.০০০.১৫৬.৩৫.০০১৬.২১.৬৮

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ / ২৭ অক্টোবর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন ১, কারওয়ান বাজার, ঢাকা
০২। জনাব মোঃ আবদুর রহিম খান, অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, ঢাকা
০৪। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
০৫। সচিব-এর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৬। জনসংযোগ কর্মকর্তা, উপদেষ্টার দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। মহাসচিব, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা
০৮। ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, বাণিজ্য সংগঠন অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ডিজিটিও মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৭.১০.২৫

চৌধুরী সামিয়া ইয়াসমীন
উপসচিব